তারিখ . . 24 NOV 2016 . . .
পৃষ্ঠা . . ৮ . . . কলাম . . . ২ . . . . .

সংবাদ

## প্রশাসনে তৃতীয় বৃহত্তম

# তিন স্তরে পদোন্নতি পেল ৫৩৬ জন

নিজস্ব বার্তা পরিবেশক

পদের চেয়ে প্রায় ১৩শ' কর্মকর্তা বেশি থাকা সত্ত্বেও প্রশাসনের তিন স্তরে অতিরিক্ত, যুগ্ম ও উপসচিব পদে ৫৩৬ জন কর্মকর্তাকে পদোন্নতি দিয়েছে সরকার। এটি প্রশাসনের তৃতীয় সর্বোচ্চ পদোন্নতি। এই পদোন্নতির ফলে প্রশাসনের তিন স্তরে পদের তুলনায় কর্মকর্তার সংখ্যা প্রায় ১,৪২৪ বেশি হলো।

নতুন পদোন্নতিপ্রাপ্তদের মধ্যে যুগ্ম সচিব থেকে অতিরিক্ত সচিব পদে ১৪৫ জন, উপসচিব থেকে যুগ্ম সচিব পদে ১৮৬ জন এবং সিনিয়র সহকারী সচিব থেকে উপসচিব পদে ২০৫ জন কর্মকর্তাকে পদোন্নতি দেয়া হয়।

গতকাল সকালে জনপ্রশাসন মন্ত্রণালয় ৫৩৬ জনকে পদোন্নতি দিয়ে এ সংক্রান্ত পৃথক প্রজ্ঞাপন জারি করে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তা সংবাদকে জানান, বর্তমানে অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব ও উপসচিব– এই তিন স্তরেই নিয়মিত পদের চেয়ে দ্বিগুণ-তিনগুণ বেশিসংখ্যক কর্মকর্তা রয়েছেন। এই পরিস্থিতির মধ্যে আবার পদোন্নতি দেয়া হলো। এতে প্রশাসনে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। পদায়ন নিয়ে হতে পারে নৈরাজ্য। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে ক্ষোভ-হতাশা বাড়তে পারে। কারণ পদ না থাকায় অনেক কর্মকর্তাকেই এখন নিচের পদে চাকরি করতে হচ্ছে। নতুন পদোন্নতির কারণে এই অবস্থা আরও প্রকট হবে।

**পদের চেয়ে অতিরিক্ত কর্মকর্তার সংখ্যা হলো ১,৪২৪**

রেওয়াজ অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। প্রজ্ঞাপন জারির পর পদোন্নতি পাওয়া অনেক কর্মকর্তা গতকালই জনপ্রশাসন মন্ত্রণালয়ে এসে যোগদানপত্র জমা দেন। পছন্দের পদে পদায়ন পেতে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের অনেককেই জনপ্রশাসন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের কাছে তদবির করতে দেখা যায়। পদোন্নতি পাওয়ায় কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ হতেই শুভেচ্ছা জানান সহকর্মীরা।

পদোন্নতিপ্রাপ্তদের অনেকেই গতকাল জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক, সিনিয়র সচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, এপিডি (নিয়োগ, পদায়ন ও প্রেষণ) উইংয়ের অতিরিক্ত সচিব সুবীর কিশোর চৌধুরীর কক্ষে গিয়ে তাদের ধন্যবাদ জানান, কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনেক কর্মকর্তা মিষ্টি নিয়ে আসেন।

জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, অতিরিক্ত সচিব পদে পদোন্নতিতে প্রাধান্য দেয়া হয়েছে ১৯৮৬ ব্যাচের কর্মকর্তাদের। এছাড়া ১৯৮৫, ১৯৮৪ সহ এর আগের ব্যাচের পদোন্নতি বঞ্চিত কর্মকর্তারাও অতিরিক্ত সচিব পদে পদোন্নতির তালিকায় আছেন। এমনকি বিগত চারদলীয় জোট সরকারের আমলে যারা একাধিক জেলার ডেপুটি কমিশনার (ডিসি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তা ছিলেন সেসব কর্মকর্তাও এবার পদোন্নতি পেয়েছেন।

যুগ্ম সচিব পদে তিন : পৃষ্ঠা : ১৫ ক : ১

## তিন : স্তরে

(১ম পৃষ্ঠার পর)

পদোন্নতিতে প্রাধান্য দেয়া হয়েছে বিসিএস ১১ ব্যাচের কর্মকর্তাদের। এছাড়া ৯ ও ১০ এবং এর আগের ব্যাচের বঞ্চিত কর্মকর্তারাও এবারের পদোন্নতির তালিকায় রয়েছেন।

আর উপসচিব পদে পদোন্নতিতে বিবেচনায় নেয়া হয়েছে বিসিএস ২১ ব্যাচের কর্মকর্তাদের। তবে আগের পদোন্নতি পর্বে স্থান পাননি বঞ্চিত সেসব কর্মকর্তাও এবার উপসচিব হিসেবে পদোন্নতি পেয়েছেন।

এবার উপসচিব পদে পদোন্নতি পাওয়া কর্মকর্তাদের মধ্যে শিক্ষা ক্যাডার থেকে প্রশাসন ক্যাডারে আত্মীকৃত হয়েছেন সর্বোচ্চ ৩৫ জন। এছাড়াও তথ্য ক্যাডার, ইকোনোমিক ক্যাডার থেকেও কিছু কর্মকর্তা উপসচিব হয়েছেন।

তিন স্তরে পদের চেয়ে কর্মকর্তা বেশি ১৪২৪ জন

নতুন পদোন্নতির পর প্রশাসনে অতিরিক্ত সচিবের মোট সংখ্যা হলো ৫৫০, যুগ্ম সচিব ৬১৩ জন এবং উপসচিবের সংখ্যা দাঁড়ালো এক হাজার ৪৭৯ জনে।

অথচ বর্তমানে অতিরিক্ত সচিবের স্থায়ী পদ রয়েছে ১০৮টি, যুগ্ম সচিবের স্থায়ী পদ ২৫০টি এবং উপসচিবের স্থায়ী পদ রয়েছে ৮৬০টি।

এই তিন স্তরে বর্তমানে স্থায়ী পদ রয়েছে এক হাজার ২১৮টি। এর বিপরীতে বর্তমানে কর্মকর্তার সংখ্যা দাঁড়ালো দুই হাজার ৬৪২ জন। অর্থাৎ অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব ও উপসচিব পর্যায়ে পদের চেয়ে এক হাজার ৪২৪ জন কর্মকর্তা বেশি আছেন।

### বড় পদোন্নতির ইতিকথা

পদ না থাকা সত্ত্বেও ওপরের পদে পদোন্নতির সংস্কৃতি শুরু হয় ২০১২ সালে। পদ শূন্য না থাকা সত্ত্বেও ওই বছরের ৮ ফেব্রুয়ারি একদিনেই ৬৪৯ জন কর্মকর্তাকে জ্যেষ্ঠ সহকারী সচিব থেকে অতিরিক্ত সচিব পর্যন্ত অন্যান্য স্তরে পদোন্নতি দেয়া হয়। তাদের মধ্যে ১২৭ জনকে যুগ্ম সচিব থেকে অতিরিক্ত সচিব, ২৬৪ জনকে উপসচিব থেকে যুগ্ম সচিব এবং ২৫৮ জনকে জ্যেষ্ঠ সহকারী সচিব থেকে উপসচিব পদে পদোন্নতি দেয়া হয়।

গত বছরের ১৮ জুলাই ৩২৬ জন উপসচিবকে যুগ্ম সচিব পদে পদোন্নতি দেয়া হয় এবং লিয়েনে থাকা ১৯ জন উপসচিবকে যুগ্ম সচিব পদে পদোন্নতি দেয়া হয়। এরপর গত বছরের ১০ সেপ্টেম্বর ৭০ জন উপসচিবকে যুগ্ম সচিব হিসেবে পদোন্নতি দেয়া হয়। বড় ধরনের পদোন্নতি ছাড়াও বিভিন্ন সময়ে সীমিত কিছু কিছু কর্মকর্তাকে পদোন্নতি দেয়া হয়েছে। এবারের পদোন্নতিতে অতীতের বঞ্চিত কর্মকর্তাদের প্রাধান্য দেয়া হয়েছে বলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন।

এর আগে গত বছরের ৬ এপ্রিল তিন স্তরে ৮৭২ জন কর্মকর্তাকে পদোন্নতি দেয়া হয়। এতে অতিরিক্ত সচিব পদে ২৩১ জন, যুগ্ম সচিব পদে ২৯৯ জন এবং উপসচিব পদে ৩৪২ কর্মকর্তা পদোন্নতি পান।

গত কয়েক মাস ধরে জনপ্রশাসনে তিন স্তরে পদোন্নতির তোড়জোড় চলছিল। মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে সুপিরিয়র সিলেকশন বোর্ড (এসএসবি) এই পদোন্নতির তালিকা চূড়ান্ত করে।

'সরকারের উপসচিব, যুগ্ম সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২' অনুযায়ী উপসচিব, যুগ্ম সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি দেয়ার ভিত্তি হবে কর্মকর্তার মেধা, দক্ষতা ও জ্যেষ্ঠতা।

জনপ্রশাসনে বর্তমানে প্রায় ৬ হাজার প্রশাসন ক্যাডারের কর্মকর্তা আছেন। তাদের মধ্যে কিছুসংখ্যক কর্মকর্তাকে অন্য ক্যাডার থেকে প্রশাসন ক্যাডারে আত্মীকরণ করা হয়েছে।